



## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সার্কুলার নং আইসিটিবি-০১/২০১৫

তারিখ : ০৩-০৩-২০১৫

বিষয় : বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকের ইন্টারনেট বিল পরিশোধের আর্থিক ক্ষমতা বৃদ্ধি প্রসঙ্গে।

০১। পর্যদ সচিবালয়ের ৩০-০৭-২০০৮ তারিখের পস-০১/২০০৮ নম্বর পরিপত্রের মূলে ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণকে আর্থিক, ব্যবসায়িক ও প্রশাসনিক ক্ষমতা দেয়া হয়, যার মধ্যে ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত আর্থিক ক্ষমতা অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া আইসিটি বিভাগের ০৯-০৪-২০১৩ তারিখের আইসিটিবি-০১/২০১৩ নম্বর সার্কুলার মারফত শাখা ব্যবস্থাপকগণকে ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত আর্থিক ক্ষমতা প্রদান করা হয়।

০২। পরবর্তীতে বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও শাখাসমূহে একাধিক মডেমের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দেয়ার প্রেক্ষিতে, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকগণের ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত আর্থিক ক্ষমতা বৃদ্ধির প্রয়োজন দেখা দেয়। এ বিষয়ে গত ০৯-০২-২০১৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৪২৩তম সভায় একটি সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পর্যদ কর্তৃক টেলিফোন খাত হতে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণকে প্রতি মাসে সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকা এবং শাখা ব্যবস্থাপকগণকে প্রতিমাসে সর্বোচ্চ ৫০০/- (পাঁচ শত) টাকার ইন্টারনেট বিলের অতিরিক্ত মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য সরবরাহকৃত মডেমের প্রকৃত বিল পরিশোধের আর্থিক ক্ষমতা প্রয়োগের অনুমোদন দেয়া হয়।

০৩। এমতাবস্থায় ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের হালনাগাদ আর্থিক ক্ষমতা নিম্নে উল্লেখিত হলো:

টেলিফোন/টেলেক্স: ইন্টারনেট বিল প্রদান-

মহাব্যবস্থাপক (প্রশাসন)/বিভাগীয় কার্যালয়-প্রকৃত ব্যয়

উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ- প্রতিমাসে ২,৫০০/- টাকা

সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ- প্রতিমাসে ১,৫০০/- টাকা

জোনাল ব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক, ঢাকা শাখা/ এলপিও/ অধ্যক্ষ, প্রশিক্ষণ

ইনস্টিটিউট- প্রতিমাসে ১,০০০/- টাকা

উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় -প্রতিমাসে ১,০০০/- টাকা

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা -প্রতিমাসে ১,০০০/- টাকা

জোনাল নিরীক্ষা কর্মকর্তা -প্রতিমাসে ৫০০/- টাকা

শাখা ব্যবস্থাপক - প্রতিমাসে ৫০০/- টাকা এবং মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য সরবরাহকৃত মডেমের প্রকৃত বিল।

০৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
(খোন্দকার গোলাম মোস্তফা)  
উপ-মহাব্যবস্থাপক  
০৬/০৬/১৫

প্রকা/আইসিটিবি-০৭/২০১৪-২০১৫/৭৫১(৪৪৭)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।

০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।

০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

০৯। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।

১০। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।

১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

  
(মোঃ মিজানুর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক